কুষ্টিয়া জেলা প্রশাসকের সাথে মৌবনের নির্বাহী পরিচালকের সৌজন্য সাক্ষাৎ

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন মৌবনের নির্বাহী পরিচালক এবং নারী বাতায়নের সভাপতি সাফিনা আঞ্জুম জনী।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কুষ্টিয়ার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ফুলেল শুভেচ্ছা ও সাফিনা আঞ্জুম জনীর লেখা “ধুপকাঠি” বইটি জেলা প্রশাসকের হাতে তুলে দেন।

সৌজন্য সাক্ষাৎ শেষে ‘মৌবন’ পরিচালিত নারী বাতায়নের কর্মকান্ড নিয়ে ভুয়সী প্রশংসা করেন এবং নারীর অগ্রগামী ভুমিকা পালনের জেলা প্রশাসক সন্তোষ প্রকাশ করেন।

নারী উদ্যোক্তাদের জন্য কাজ করতে হবে বলে জানিয়ে জেলা প্রশাসক বলেন, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে যুগে যুগে নারীরা বিশেষভাবে অবদান রাখছেন। বিশেষ করে দেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমাদের নারী সমাজ নিজেদের আত্মনির্ভরশীল করার পাশাপাশি জাতীয়ভাবে অবদান রেখে যাচ্ছেন।

নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী বলেন, কুষ্টিয়ায় অনেক নারী উদ্যোক্তারা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। অনেক নারীই নিজেদের ইচ্ছে ও চেষ্টার একাগ্রতায় হয়ে উঠেছে সফল উদ্যোক্তা। কেউবা আবার সেই পথেই হাঁটার স্বপ্ন দেখছেন। যারা সেই স্বপ্নের পথে হাঁটার ইচ্ছে পোষন করছেন তাঁদের সাহস ও সম্মান জানিয়ে তিনি বলেন, ‘নারীরা শুধু তাদের নিজেদের চেষ্টা ও আগ্রহে উদ্যোক্তা হয়ে উঠেছেন। অনেক নারী-উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স থাকে না, টিন থাকে না, ব্যাংক হিসাব থাকে না। এজন্য তাদের ব্যবসা ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়নে নজর দেয়া প্রয়োজন।’

তাদের নিয়ে কাজ করতে সম্মিলিতভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে এবং তাদের এগিয়ে নিতে সাপ্তাহিক (নারী উদ্যোক্তাদের) হলিডে মার্কেট চালু ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রশিক্ষণের